গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
বিভাগীয় সমবায় কার্যালয়, খুলনা।
www.coop.khulnadiv.gov.bd

স্মারক নং-৪৭.৬১.০০০০.২৬১.২৩.০০২.৭৪- ৬৩৭(১০)

তারিখ: ০২/০৭/২০২৬

বিষয় : জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ এর জন্য মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি এবং আবেদন ফরম ওয়েবসাইট/ওয়েবপোর্টালে আপলোডকরণ।

সূত্র : সমবায় অধিদপ্তরের স্মারক নং-৪৭.০৬১.০০০০.০৪৬.২৩.০০৮.২৬.১৭৫(৮); তারিখ: ২৪/০৬/২০২৬

উপর্যুক্ত বিষয়ে সমবায় অধিপ্তরের সূত্রস্থ স্মারকপত্রটি এসাথে প্রেরণ করা হলো। পত্রের নির্দেশনা মোতাবেক ৫৫তম জাতীয় সমবায় দিবসে সমবায় অঙ্গনে কৃতিত্বপূর্ণ অবদান রাখার জন্য সমবায় সমিতি ও সমবায়ীকে স্বীকৃতিস্বরূপ জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ অনুযায়ী জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ প্রদানের লক্ষ্যে সমবায় সমিতি ও সমবায়ীদের নিকট থেকে মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি (সংযুক্ত), পৃথক ২টি আবেদন ফরম (কপি সংযুক্ত) এবং আবেদনের শ্রেণি/ক্যাটাগরি (কপি সংযুক্ত) স্ব স্ব জেলার ওয়েবসাইট/ওয়েবপোর্টালে আপলোডকরণ, অধিনস্থ উপজেলাসমূহ ও জেলা এবং উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/ওয়েবপোর্টালে আপলোড নিশ্চিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্ত: ০১. সমবায় অধিদপ্তরের পত্র - ০১ (এক) পাতা
০২. জাতীয় সমবায় পুরস্কার ২০২৫ এর মনোনয়ন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি- ০১ (এক) পাতা
০৩. আবেদন ফরম ২টি - ০২ (দুই) পাতা
০৪. আবেদনের শ্রেণি/ক্যাটাগরি - ০১ (এক) পাতা

০২/০৭/২৬
(মোহাঃ জাহাঙ্গীর আলম)
উপ নিবন্ধক(প্রশাসন)
বিভাগীয় সমবায় কার্যালয়
খুলনা
ফোন নং-০২৪৭৭-৭০০৪৫০
jr.khulna@coop.gov.bd

জেলা সমবায় অফিসার
খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/নড়াইল
ঝিনাইদহ/কুষ্টিয়া/মাগুরা//চুয়াডাঙ্গা/মেহেরপুর।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
সমবায় অধিদপ্তর
এফ- ১০, আগারগাঁও সিভিক সেক্টর, ঢাকা-১২০৭।
www.coop.gov.bd

স্মারক নং: ৪৭.৬১.০০০০.০৪৬.২৩.০০৮.২৬.১৭৪ তারিখ: ২৪/০৬/২০২৬

## বিজ্ঞপ্তি

### 'জাতীয় সমবায় পুরস্কার ২০২৫' এর মনোনয়ন আহ্বান

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক জাতীয় সমবায় পুরস্কার, ২০২৫ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এলক্ষ্যে জাতীয় সমবায় পুরস্কার নীতিমালা ২০২৫ এর ৩নং অনুচ্ছেদে বর্ণিত সমিতির শ্রেণিবিন্যাস অনুযায়ী **১৪টি** জাতীয় সমবায় পুরস্কার প্রদান করা হবে। এর মধ্যে ১০টি শ্রেণি/ক্যাটাগরিতে ১০টি সমবায় সমিতিকে এবং ০৪ (চার) **জন সমবায়ীকে (২জন পুরুষ, ২জন** মহিলা) ২০২৫ সালের সমবায় পুরস্কার প্রদানের জন্য মনোনীত করা হবে।

সমবায় সমিতির শ্রেণি/ক্যাটাগরিসমূহ

১. **কৃষিভিত্তিক/সার্বিক গ্রাম উন্নয়ন সমবায়:** কৃষি বা কৃষক সমবায় সমিতি, পানি ব্যবস্থাপনা সমবায় সমিতি, সার্বিক গ্রাম উন্নয়ন সমবায় সমিতি;
২. **সঞ্চয় ও ঋণদান/ক্রেডিট সমবায়:** সঞ্চয় ও ঋণদান সমবায় সমিতি, কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন, কো-অপারেটিভ ক্রেডিট সোসাইটি;
৩. **উৎপাদনমুখী সমবায়:** দুগ্ধ সমবায় সমিতি, মৎস্যজীবী বা মৎস্যচাষী সমবায় সমিতি, উৎপাদনমুখী সমবায় সমিতি, প্রক্রিয়াজাতকরণ সমবায় সমিতি, ভোগ্যপণ্য সমবায় সমিতি;
৪. **ব্যবসায়ী সমবায়:** দোকান মালিক বা ব্যবসায়ী বা মার্কেট সমবায় সমিতি, ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি, হকার্স সমবায় সমিতি, পর্যটন শিল্প সমবায় সমিতি;
৫. **মুক্তিযোদ্ধা সমবায়:** মুক্তিযোদ্ধাদের নিয়ে নিবন্ধিত যেকোনো ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৬. **বিত্তহীন, ভূমিহীন সমবায়:** বিত্তহীন সমবায় সমিতি, ভূমিহীন সমবায় সমিতি, আশ্রয়ণ সমবায় সমিতি;
৭. **মহিলা সমবায়:** মহিলাদের নিয়ে নিবন্ধিত যেকোন ক্যাটাগরির সমবায় সমিতি এর অন্তর্ভুক্ত হবে;
৮. **পেশাভিত্তিক সমবায়:** মৃৎশিল্পী সমবায় সমিতি, তাঁতী সমবায় সমিতি, পরিবহন মালিক বা শ্রমিক সমবায় সমিতি, কর্মচারী সমবায় সমিতি, অটোরিক্সা/অটোটেম্পো/টেক্সিক্যাব/মটর/ট্রাক বা ট্যাঙ্ক-লরি চালক সমবায় সমিতি, পেশাজীবী সমবায় সমিতি;
৯. **গৃহায়ন/ বহুমুখী সমবায়:** গৃহায়ন (হাউজিং) সমবায় সমিতি, ফ্ল্যাট বা অ্যাপার্টমেন্ট মালিক সমবায় সমিতি, বহুমুখী সমবায় সমিতি;
১০. বিশেষ ও অন্যান্য শ্রেণি: যুব সমবায় সমিতি, ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক সমবায় সমিতি, শ্রমজীবী সমবায় সমিতি এবং ১ থেকে ৯ ক্রমিকে উল্লিখিত শ্রেণি ব্যতীত বিশেষ ক্যাটাগরিতে অন্যান্য নিবন্ধিত সমবায় সমিতি।

আবেদন প্রক্রিয়া

১. **আবেদন ফরম প্রাপ্তিস্থান:** পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ওয়েবসাইট **www.rdcd.gov.bd** এবং সমবায় অধিদপ্তরের ওয়েবসাইট **www.coop.gov.bd** বিভাগীয় সমবায় কার্যালয়, জেলা ও উপজেলা সমবায় দপ্তরসমূহের ওয়েব পোর্টালে পাওয়া যাবে।
২. **আবেদন ফরম জমা:** সমবায়ী এবং সমবায় সমিতির প্রতিনিধিকে নিজ উদ্যোগে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরম পূরণপূর্বক অনলাইনে অথবা হার্ডকপি উপজেলা সমবায় কার্যালয়ে ১৫/০৭/২০২৬ তারিখের মধ্যে জমা দিতে হবে।

২৪/৬/২০২৬

মোঃ সেলিম ফকির, এনডিসি
নিবন্ধক ও মহাপরিচালক
ফোন: ৪৮১১৯৩০৫
reg.dg@coop.gov.bd